ANDREW M. CUOMO
গভর্নর

RUTHANNE VISNAUSKAS
কমিশনার/CEO

# অভিবাসন অবস্থান, আবাসন বৈষম্য এবং ভাড়াটে হয়রানি সম্পর্কে প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নগুলি

1. **আবাসন বৈষম্য কী?**
স্বচ্ছ আবাসন আইন এবং নিউইয়র্ক স্টেট মানবাধিকার আইনের অধীনে (1) নির্দিষ্ট সুরক্ষিত বৈশিষ্ট্যের ভিত্তিতে ভাড়া দিতে, বিক্রয় করতে, অর্থ সাহায্য করতে, বীমা করতে বা আলোচনা করতে অস্বীকার করা; (2)নির্দিষ্ট সুরক্ষিত বৈশিষ্ট্যের ভিত্তিতে বিভিন্ন শর্তাবলী স্থির করা বা অসম পরিষেবা প্রদান করা; (3) বৈষম্য মূলক বিবৃতি বা বিজ্ঞাপনগুলি তৈরি, মুদ্রণ, প্রকাশ বা প্রচার করা; (4) নির্দিষ্ট সুরক্ষিত বৈশিষ্ট্যের ভিত্তিতে আবাসনগুলির প্রাপ্যতা সম্পর্কে মিথ্যা উপস্থাপনা করা;(5) যে সমস্ত ভাড়াটিয়া তাদের অধিকার প্রয়োগ করতে চাইছেন তাদের উপরে হস্তক্ষেপ করা, জবরদস্তি করা বা তাদেরকে ভয় দেখানো; (6) প্রতিশোধ নেওয়া; (7) নির্দিষ্ট সুরক্ষিত বৈশিষ্ট্যের ভিত্তিতে ঋণের জন্য তথ্য তৈরি করতে বা প্রদান করতে প্রত্যাখ্যান করা বা ঋণের জন্য বিভিন্ন শর্ত আরোপ করা; এবং (8) কাউকে হয়রানি করা, হুমকি দেওয়া, ভয় দেখাতে বা জোর করে বাধ্য করা বেআইনী।

2. **আমার অভিবাসন অবস্থান নির্বিশেষে আমি কি স্বচ্ছ আবাসন আইন এবং নিউইয়র্ক স্টেট মানবাধিকার আইনের আওতায় আছি?**
হ্যাঁ। সমস্ত নিউ ইয়র্ক বাসী যুক্তরাষ্ট্রীয় স্বচ্ছ আব্বাসন আইন এবং নিউ ইয়র্ক স্টেট মানবাধিকার আইনের আওতায় আছেন। নিউ ইয়র্ক রাজ্য মানবাধিকার আইন এবং স্বচ্ছ আবাসন্ন আইন ছাড়াও বিভিন্ন অঞ্চলে তাদের নিজস্ব আইন অতিরিক্ত সুরক্ষা প্রদান করতে পারে। এই আইনগুলি আপনাকে অনেকগুলি সুরক্ষিত বৈশিষ্ট্যের ভিত্তিতে বৈষম্য থেকে রক্ষা করে (জাতি, ধর্মবিশ্বাস, বর্ণ, অক্ষমতা, উত্স জাতি, যৌন দৃষ্টিভঙ্গি, সামরিক অবস্থান, বয়স, লিঙ্গ, বৈবাহিক অবস্থান বা পারিবারিক অবস্থান)। কোনো ক্ষতিগ্রস্থ ব্যক্তির অভিবাসন অবস্থা নির্বিশেষে এই বৈশিষ্ট্যের যে কোনোটির ভিত্তিতে বৈষম্য করা বেআইনী।

উদাহরণ স্বরুপ:
- যদি কোনও আবাসন প্রদানকারী আপনার জাতির কারণে আপনার কাছ থেকে বেশি ডাউন পেমেন্ট চান তবে আপনার অভিবাসন অবস্থা নির্বিশেষে তা বেআইনী বৈষম্য।
- যদি কোনো বাড়িওয়ালা আপনার উত্স জাতির কারণে ভাড়ার জন্য আলাদা পরিমাণ টাকা চান বা আরো বেশী জামানত চান তবে আপনার অভিবাসন অবস্থান নির্বিশেষে তা বেআইনী বৈষম্য।

3. **ভাড়াটিয়ার হয়রানি কী?**
নিউ ইয়র্ক স্টেট আইন এবং কিছু স্থানীয় আইন কোনো বাড়িওয়ালা এবং / অথবা বাড়িওয়ালার এজেন্ট (গুলি) দ্বারা ভাড়াটিয়াকে হয়রানি করা নিষিদ্ধ ঘোষণা করে। উদাহরণস্বরুপ, ভাড়া স্থিতিশীল আইন এবং নিউইয়র্ক সিটির স্থানীয় আইনগুলি কোনো বাড়িওয়ালা বা বাড়িওয়ালার পক্ষে কাজ করা কোনো ব্যক্তির পক্ষে এমন কোনো ব্যবস্থা গ্রহণকে বেআইনী ঘোষণা করে যা কোনো ভাড়াটিয়া ব্যক্তির স্বাচ্ছন্দ্য, শান্তি, বিশ্রাম বা শান্তিতে উপভোগের উপরে হস্তক্ষেপ করা বা বিঘ্ন ঘটানোর উদ্দেশ্যে করা হয়, বা ভাড়াটিয়া যাতে সেই আবাসন আবাসন খালি করেন সেই উদ্দেশ্যে করা হয়।

উদাহরণ স্বরুপ:
- আপনার বাড়িটি খালি করার জন্য যদি কোনো বাড়িওয়ালা আপনার দরজায় ধাক্কা দেন, শীতকালে আপনার উত্তাপ বন্ধ করে দেন বা মৌখিকভাবে আপনাকে গালাগালি করার মতো কাজ করেন তবে এটি বেআইনী ভাড়াটিয়া হয়রানি হতে পারে।

4. **আমার অভিবাসন ওবস্থান নির্বিশেষে আমি কি ভাড়াটিয়া হয়রানি থেকে সুরক্ষিত?**
হ্যাঁ। প্রযোজ্য বিভিন্ন আবাসন আইন অনুসারে আপনি ভাড়াটিয়া হয়রানি থেকে সুরক্ষিত। উদাহরণস্বরূপ, যতক্ষণ আপনি ভাড়া নিয়ন্ত্রিত অ্যাপার্টমেন্টে থাকেন আপনার অভিবাসন অবস্থান নির্বিশেষে ভাড়া স্থিতিশীল আইন আপনাকে সুরক্ষা দেয়।

আপনি ভাড়া-নিয়ন্ত্রিত ইউনিটে রয়েছেন কিনা তা জানতে, নীচের নাম্বারে NYS হোমস এবং কমিউনিটি রিনিউয়ালের সাথে যোগাযোগ করুন। অন্যান্য অনুসন্ধানের জন্য, আপনার স্থানীয় আইনী পরিষেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করুন।

5. **উত্স জাতি বৈষম্য কি?**
উত্স জাতি বৈষম্য হল যখন আপনার বংশ, জাতিগোষ্ঠী, জন্মস্থান, সংস্কৃতি বা ভাষার কারণে আপনার আবাসনে আপনার সাথে অন্যরকম আচরণ করা হয়। এটি বেআইনী। কেউ আপনাকে আবাসনের সুযোগগুলি প্রদান করতে অস্বীকার করতে পারেন না কারণ আপনি বা আপনার পরিবার একটি ভিন্ন দেশের, কারণ আপনার একটি নাম বা উচ্চারণ একটি উত্স জাতিগোষ্ঠীর সাথে সম্পর্কিত বা কারণ আপনি কোনও উত্স জাতিগোষ্ঠীর সাথে সম্পর্কিত কোনো প্রথায় অংশগ্রহণ করেছেন।

6. **ধর্ম / ধর্মবিশ্বাস বৈষম্য কী?**
ধর্ম বা ধর্মবিশ্বাসের বৈষম্য হল যখন আপনার ধর্ম বা আপনার বক্তব্য বা আপনার বিশ্বাসের রীতি, নীতি বা মতামতের কারণে আপনার আবাসনে আপনার সাথে অন্যরকম আচরণ করা হয়। নির্দিষ্ট সীমিত ব্যতিক্রম ব্যতিরেকে এটি বেআইনী। কোনো আবাসন প্রদানকারী আপনাকে আপনার ধর্ম সম্পর্কে জিজ্ঞাসা করতে পারেন না এবং আপনার অনুভূতি বা প্রকৃত ধর্ম বা ধর্মবিশ্বাসের কারণে আপনাকে আবাসনের সুযোগগুলি প্রদান করতে অস্বীকার করতে পারেন না।

7. **যদি আমি মনে করি যে আমি আবাসন বৈষম্যের শিকার হয়েছি তবে কার সাথে যোগাযোগ করব?**
*আপনি যদি মনে করেন যে আপনি বৈষম্যের শিকার হয়েছেন, তবে এখানে যোগাযোগ করে আপনি অভিযোগ দায়ের করতে পারেন:*

নিউইয়র্ক স্টেট(New York State)
মানবাধিকার বিভাগ
One Fordham Plaza
4th Floor
ব্রঙ্কস, New York 10458
টোল ফ্রি নম্বর (888) 392-3644
TDD/TTY (718) 741-8300
হোম পেজ: http://www.dhr.ny.gov/
স্বচ্ছ আবাসন গাইড: https://dhr.ny.gov/sites/default/files/pdf/nysdhr-fair-housing-guide.pdf

8. **যদি আমি মনে করি আমি ভাড়াটিয়া হয়রানির শিকার হয়েছি তবে কার সাথে যোগাযোগ করব?**
*আপনি যদি ভাড়া-নিয়ন্ত্রিত ইউনিটে থাকেন এবং মনে করেন আপনি ভাড়াটিয়া হয়রানির শিকার হয়েছেন তবে অনুগ্রহ করে এখানে পৌঁছে যান:*

NYS হোমস এবং কমিউনিটি রিনিউয়াল
ভাড়াটিয়া সুরক্ষা ইউনিট
641 Lexington Avenue
New York, New York 10022
ইমেল: TPUinfo@nyshcr.org
হোম পেজ: https://hcr.ny.gov/tenant-protection-unit

*আপনি যদি ভাড়া-নিয়ন্ত্রিত ইউনিটে না থাকেন এবং মনে করেন যে আপনি ভাড়াটিয়া হয়রানির শিকার হয়েছেন তবে অনুগ্রহ করে আপনার স্থানীয় আইনী পরিষেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করুন।*